



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/০৬-১৪/২৩ পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোনঃ +৮৮-০২-৫৮০৫১০০৪, ০১৭৬৯৭২১০১০, ফ্যাক্সঃ ০২-৫৮০৫১০১০

ই-মেইলঃ info@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd

স্মারক নং : বিএসএমআরএমইউ/রেজি-৩৩৪/২০২২/৫২১

তারিখঃ ২৩ এপ্রিল ২০২২

### বিএসএমআরএমইউ ক্যাফেটেরিয়া ইজারা প্রদান

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসের (মেঘনা ও পদ্মা ভবনে অবস্থিত) ক্যাফেটেরিয়া ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ইজারা গ্রহীতাদের নিকট থেকে বিশেষ কারণ বশতঃ আগামী ২৪ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে পুনরায় আবেদনপত্র আহ্বান করা হলো। উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের সকালের নাস্তা, টিফিন এবং দুপুরের লাঞ্চ সরবরাহের জন্য ০২ (দুই) টি ক্যাফেটেরিয়া নিম্নবর্ণিত শর্তে ইজারা প্রদান করা হবে। ক্যাফেটেরিয়ায় সরবরাহযোগ্য আইটেম এর তালিকা (কপি সংযুক্ত) মূল্য সংযোজনসহ আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ, ১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ বরাবর একই ঠিকানায় বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস মেঘনা ভবনের টেন্ডার বক্স এ জমা প্রদান করতে হবে। আবেদনকারী ইজারা গ্রহীতাদের আগামী ২৪ এপ্রিল ২০২২ তারিখ ১২০০ ঘটিকায় টেন্ডার খোলা কার্যক্রমে স্বশরীরে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে।

#### শর্তাবলী:

- ১। আগ্রহী ইজারা গ্রহীতাদের ট্রেড লাইসেন্স, VAT ও TIN সার্টিফিকেট এবং Bank Solvency জমা প্রদান করতে হবে। এছাড়াও, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে।
- ২। খাবার স্বাস্থ্যসম্মত, রুচিশীল, গুণগত মানসম্পন্ন ও কমমূল্যে সরবরাহ করতে হবে। কোন অবস্থায়ই বাসি খাবার পরিবেশন করা যাবে না।
- ৩। পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে এবং সকলের সাথে সদাচরন করতে হবে।
- ৪। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে খাবার সরবরাহ করার বিষয়ে প্রস্তুত থাকতে হবে।
- ৫। উল্লেখযোগ্য সংখ্যক খাবার আইটেম সরবরাহ করতে হবে।
- ৬। ক্যাফেটেরিয়া সার্ভিস প্রদানে উপযুক্ত সংখ্যক জনবল, কুক, ওয়েটার ও ক্রোকাকারিজ আইটেম ইজারা গ্রহীতাকে সরবরাহ করতে হবে।
- ৭। পূর্ববর্তী কাজের ০১ (এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এতদসংক্রান্ত অন্যান্য প্রতিষ্ঠানের কাজের বিবরণ প্রদান করতে হবে।
- ৮। গ্যাস, বিদ্যুৎ ও পানির অপচয় রোধকল্পে সর্বদা সচেতন থাকতে হবে। নিজস্ব অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকতে হবে, বিশেষ করে রান্না ঘরে। উল্লেখ্য ইজারা গ্রহীতাকে গ্যাস, বিদ্যুৎ, পানিসহ কোন ইউটিলিটি বিল প্রদান করতে হবে না, এমনকি চেয়ার, টেবিল, এসি, টিভি ও একটি ডিপ ফ্রিজ বিশ্ববিদ্যালয় হতে সরবরাহ করা হবে।
- ৯। নিরাপত্তা জামানত বাবদ টাকা ৫০,০০০.০০ (টাকা পঞ্চাশ হাজার মাত্র) বিশ্ববিদ্যালয়ে জমা প্রদান করতে হবে চুক্তি শেষে যা ফেরতযোগ্য। ইজারা ফি বাবদ ছাত্র কল্যান তহবিলে মাসিক চাঁদা হিসাবে প্রতি মাসে প্রথম সপ্তাহে ৫,০০০.০০ (টাকা পাঁচ হাজার মাত্র) প্রদান করতে হবে।
- ১০। বছর ভিত্তিক চুক্তির মেয়াদ চুক্তিকালীন তারিখ হতে ০১ (এক) বছর। সেবার মানের সন্তুষ্টির উপর ভিত্তি করে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। বিশ্ববিদ্যালয় ক্যাফেটেরিয়ার কোন সম্পদহানি হলে নিরাপত্তা জামানত হিসাব হতে আনুপাতিক হারে দণ্ড কর্তন করা যাবে।
- ১১। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে চুক্তির মেয়াদ যেকোন সময় বাতিল করতে পারবে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ